



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৯ মার্চ, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯ মার্চ, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এর আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট-২০১৮ এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০১৮ আয়োজনে সংশ্লিষ্ট সকলকে এবং অংশগ্রহণকারী সকল দলকে অভিনন্দন জানিয়ে বলেন, ক্রিকেট বাংলাদেশের মানুষের মনে বর্তমানে একটি জায়গা করে নিলেও ফুটবলের জনপ্রিয়তা পূর্বের মত এখনও বর্তমান। এ বিশ্ববিদ্যালয় পড়াশুনার পাশাপাশি খেলাধুলাকে সবসময়ই উৎসাহিত করে। খেলাধুলার মাধ্যমে সৃষ্ট বন্ধুত্ব ও ভাতৃত্বের মনোভাবের মাধ্যমেই এ বিশ্ববিদ্যালয় থেকে র্যাগিং নামক অমানবিক কাজটি চিরতরে নির্মূল হবে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, পরিসংখ্যান বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ তাজ উদ্দিন, লোক প্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর আনোয়ারা বেগম, প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমেদ, শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক চৌধুরী সউদ-বিন আশ্বিয়া।

ফাইনাল খেলায় লোক প্রশাসন বিভাগ পরিসংখ্যান বিভাগকে ১-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার